গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

----

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.৫০১.০১.০৬৬.২৪.২৪৫

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ফেনী জেলার সদর উপজেলাধীন ছনুয়া উচ্চ বিদ্যালয় এর স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তাঁর বিদ্যালয়ের স্বীকৃতির মেয়াদ ০১/০১/২০২৩ হতে ৩১/১২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ০৪(চার) বছরের জন্য বৃদ্ধি করা হলো। এবং নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০২৭ সাল পর্যন্ত এসএসসি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশ গ্রহণের অনুমতি দেয়া হলো।

শর্তাসমূহ:

১. স্নাতকপাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
২. সহ-পাঠ্য কার্যক্রম জোরদার করতে হবে।
৩. পাঠপরিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রস্তুতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
৪. বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যত্নসহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।
৫. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।
৬. স্টাফিং প্যাটার্ন ঠিক রেখে ৩০% মহিলা শিক্ষক নিয়োগ করতে হবে।
৭. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ করে যথাযত রক্ষণাবেক্ষণ করতে হবে।
৮. এসএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% শিক্ষার্থী পাস করানোর প্রচেষ্টা চালাতে হবে।
৯. বাধ্যতামূলক বয় স্কাউট, গার্লস গাইডস ও রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।
১০. বাধ্যতামূলক কম্পিউটার সংগ্রহ ও ইন্টারনেট সংযোগ দিতে হবে।
১১. শিক্ষার্থীদের বেত্রাঘাত থেকে বিরত থাকতে হবে।
১২. জাতীয় রাষ্ট্রীয় ও সরকার ঘোষিত দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করতে হবে।

১১-১২-২০২৪
রীতা চক্রবর্তী
বিদ্যালয় পরিদর্শক
৮৮০৮১৭৬৭০০ (ফোন)
৮৮০৮১৭৬৪৩৮ (ফ্যাক্স)

প্রধান শিক্ষক
ছনুয়া উচ্চ বিদ্যালয়, ডাক: ছনুয়া, উপজেলা: সদর, জেলা: ফেনী।